



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
ওয়েবসাইটঃ [www.sgfl.org.bd](http://www.sgfl.org.bd)  
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট



নম্বর: ২৮.২০.৯১৫৩.০৫৬.৩১.০০১.২১.১৭

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮  
৩০ জুন ২০২১

### অফিস আদেশ

কোম্পানির প্রধান কার্যালয়সহ বিভিন্ন ফিল্ড/স্থাপনার কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত মেডিকেল বিলের রেকর্ড সংরক্ষণ এবং মেডিকেল বিল প্রাপ্তির জটিলতা নিরসনে নিম্নোক্ত কার্যক্রম অনুসরণ করার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো :

১. ই-নথির মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী বিল দাখিল করত একই নথি চলমান রাখতে হবে।
২. কোনো কর্মকর্তা/কর্মচারী প্রতিমাসে ব্যতিক্রম ক্ষেত্র ব্যতীত একবার মাত্র মেডিক্যাল বিল দাখিল করতে পারবে।
৩. দুরারোগ্য ব্যাধি হিসেবে ক্যান্সার ব্যতীত অন্যান্য দীর্ঘস্থায়ী সকল রোগের চিকিৎসার ক্ষেত্রে বিশেষজ্ঞ চিকিৎসকের ব্যবস্থাপত্রের মেয়াদ ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে। ৬ মাসের অধিক সময় পর্যন্ত উক্ত ব্যবস্থাপত্র অনুযায়ী যে কোনো ঔষধ সেবন করতে হলে বিশেষজ্ঞ চিকিৎসকের পুনঃব্যবস্থাপত্র দাখিল করতে হবে।
৪. মেডিক্যাল বিল দাখিলের পর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট প্রথম সপ্তাহের মধ্যে কর্মকর্তা/কর্মচারীদের নামে চলমান ই-নথির মাধ্যমে বিলটি অগ্রগামী করবে এবং বিল দাখিলের পর থেকে পরবর্তী এক মাসের মধ্যে বিলটি পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. প্রধান কার্যালয় এবং ফিল্ড হতে মেডিক্যাল অফিসার/মেডিক্যাল রিটেইনার-এর প্রত্যয়নের পর মেডিক্যাল বিল সরাসরি মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবরে অগ্রগামী করতে হবে।
৬. প্রধান কার্যালয় এবং ফিল্ডের মেডিক্যাল সেন্টারে ঔষধের মজুদ শেষ হওয়ার পূর্বেই তা ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. প্রধান কার্যালয় এবং ফিল্ডের একাধিক মেডিক্যাল বিল একসাথে (বান্ডিল) দাখিলের বর্তমান ব্যবস্থা রহিত করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ ০১-০৮-২০২১ তারিখ হতে কার্যকর হবে।

১-৭-২০২১

মোঃ শওকত আলম কাদরী  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

ইমেইল: [gadmin@sgfl.org.bd](mailto:gadmin@sgfl.org.bd)

নম্বর: ২৮.২০.৯১৫৩.০৫৬.৩১.০০১.২১.১৭/১(৫৫)

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮  
৩০ জুন ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ২) মহাব্যবস্থাপকগণ, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ৩) উপ-মহাব্যবস্থাপক সকল, এসজিএফএল।
- ৪) উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালকগণ/ফিল্ড-ইনচার্জ (সকল), সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ৫) প্রকল্প পরিচালক (সকল), এসজিএফএল।
- ৬) ইনচার্জ সকল, এসজিএফএল
- ৭) ব্যবস্থাপক(কমন সার্ভিসেস), কমন সার্ভিসেস, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ৮) ব্যবস্থাপক(ডিএলও), ঢাকা লিয়াজো অফিস, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ৯) ব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়ক (সকল), এসজিএফএল।
- ১০) মেডিকেল রিটেইনার, মেডিকেল ডিপার্টমেন্ট, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ১১) মেডিকেল রিটেইনার, মেডিকেল, আরজিএফ, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ১২) সহকারী ব্যবস্থাপক (মেডিকেল), মেডিকেল, কেটিএল, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
- ১৩) সহকারী কর্মকর্তা (মেডিকেল), মেডিকেল, বিবিজিএফ, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড



১-৭-২০২১

এ জেড এম আবুল বাসার  
ব্যবস্থাপক ও ইনচার্জ, হিউম্যান রিসোর্সেস  
ডিপার্টমেন্ট